দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 17 SEP. 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ৭

# উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি ॥ একটি প্রস্তাব

## সাজ্জাদ হোসেন

সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ব্যাপারে যে সিদ্ধান্ত নিয়েছে আমি তাকে স্বাগত জনাই। সিদ্ধান্ত অনুসারে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত মার্কের ভিত্তিতে ভর্তি করা হবে। এটি একটি সময় উপযোগী সিদ্ধান্ত। তবে এ পদ্ধতিতে দেশে একটি মাত্র শিক্ষা বোর্ড থাকতে হবে। নইলে মেধার প্রকৃত মূল্যায়ন হবে না। ভর্তি প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য আমি একটি প্রস্তাব পেশ করছি।

শিক্ষা সচিবের নেতৃত্বে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য একটি শক্তিশালী কমিটি গঠিত হবে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের উপাচার্য ও অধ্যক্ষরা এর সদস্য হবেন। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য কেন্দ্রীয়ভাবে মাত্র একটি ফরম ছাড়া হবে। ফরমটির দাম হবে ১৫ টাকা। এ ফরমটিতে দেশের সবক'টি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের নাম থাকবে। ভর্তিচ্ছুরা তাদের ইচ্ছামতো অপসন দেবে। যেমন—

| শিক্ষা প্রতিষ্ঠানের নাম | অপসন |
|---|---|
| বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | ১ |
| ঢাকা বিশ্ববিদ্যালয় | ৪ |
| জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | ৬ |
| বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় | ৫ |
| ঢাকা মেডিক্যাল কলেজ | ২ |
| .................................. | |
| .................................. | |
| .................................. | |
| বিআইটি খুলনা | ৩ |
| .................................. | |
| .................................. | |

কেন্দ্রীয়ভাবে ঢাকা থেকে ছাত্রছাত্রী বাছাই করা হবে এবং ফল ঘোষণা করা হবে। ফলের কপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে পাঠানো হবে।

পরে ভর্তিচ্ছুরা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে মূল সার্টিফিকেট জমা দিয়ে ভর্তি হবে। শিক্ষা সচিবকে অবিলম্বে দেশে একটি মাত্র শিক্ষা বোর্ড প্রতিষ্ঠার আহ্বান জানাই। সেই সঙ্গে এই পদ্ধতি অনুসরণ করা হলে যে ভর্তির বর্তমান সঙ্কট থাকবে না, সে কথা বলাই বাহুল্য।